NRBC BANK

# এনআরবিসি ব্যাংক পিএলসি.

জুবিলী রোড শাখা, চট্টগ্রাম

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা অনুযায়ী)

## বন্ধকীকৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এনআরবিসি ব্যাংক পিএলসি, জুবিলী রোড শাখা, চট্টগ্রাম এর খেলাপী ঋণ গ্রহীতা মের্সাস জামান ব্রাদার্স এর স্বত্বাধিকারী-মোঃ আক্তারুজ্জামান, পিতা- মোঃ মৃত নুরুল আনোয়ার, মাতাঃ লায়লা বেগম, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ বড় কুমিরা (নুরুল আনোয়ার সারেং বাড়ি), ডাকঘরঃ কুমিরা, থানাঃ সিতাকুন্ড, জেলাঃ চট্টগ্রাম ব্যাবসায়িক ঠিকানাঃ এ-১৭, রোড নং ০৪, সিডিএ, কর্নেল হাট, পাহাড়তলী, চট্টগ্রাম এর নিকট ঋণ হিসাবে ২৭.০৪.২০২৫ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচসহ ব্যাংকের মোট পাওনা **১,৬০,১৭,৬৮৯.৩৮ (এক কোটি ষাট লক্ষ সতের লক্ষ ছয়শত উনআশি দশমিক তিন আট) টাকা মাত্র** এবং আদায় কাল পর্যন্ত সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে বন্ধককৃত ও তদকর্তৃক রেজিষ্ট্রিকৃত আমমোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলাম বিক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### SCHEDULE OF PROPERTY

All that piece & parcel of schedule land measuring 20.00 (Twenty Decimal) situated within district-Chittagong, Police Station & sub registry office-Sitakunda, JL No-42, Mouza : Mosjidda, RS khatian No-1871 then 1925, PS Khatian No 2019, BS Khatian No 762, corresponding RS & PS Dag No 3348, BS Dag 4398, Mutation Khatian No 5992. **BUTTED & BOUNDED:** On the North: vacant land of Dulal Biswas, On the south: 15 feet wide Brick Soling Delipara Road, On the East: Government acquired Land, On the West: 15 feet wide Brick Soling Delipara Road.

### শর্তাবলী ঃ

০১) আগ্রহী দরদাতা/দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্টক্ষারে নাম, পিতার নাম, ঠিকানা বা কোম্পানী/ফার্মের ক্ষেত্রে উহা নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা দরপত্রের সহিত উল্লেখ করতে হবে।

০২) দাখিলকৃত দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্টাক্ষরে "সম্পত্তি ক্রয় দরপত্র" প্রস্তাব উল্লেখ করতে হবে। তফসিলভূক্ত সম্পত্তির আংশিক ক্রয়ের জন্য দরপত্র দেয়া যাবে না।

০৩) দরদাতাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০৪) নির্ধারিত জামানতসহ **আগামী ২৫/০৫/২০২৫ ইং** তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সরাসরি অথবা রেজিষ্টার্ড ডাকযোগে **এনআরবিসি ব্যাংক পিএলসি, জুবিলী রোড শাখা, চট্টগ্রাম** এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন বিকাল ৪.৩০ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

০৫) তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য **এনআরবিসি ব্যাংক পিএলসি, জুবিলী রোড শাখা, চট্টগ্রাম** এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সহিত দাখিল এবং নিম্ন বর্ণিত পরিশোধ সূচি অনুসরণ:-

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকী টাকা পরিশোধের সময় |
|---|---|---|
| অনূর্ধ টাকা ১০,০০,০০০/- | ২০% | দরপত্র গৃহীত হইবার ৩০(ত্রিশ) দিন |
| টাকা ১০,০০,০০১/- হইতে অনুর্ধ্ব টাকা ৫০,০০,০০০/- | ১৫% | দরপত্র গৃহীত হইবার ৬০ (ষাট) দিন |
| টাকা ৫০,০০,০০০/- এর অধিক | ১০% | দরপত্র গৃহীত হইবার ৯০(নব্বই) দিন |

দরপত্র গৃহীত হইবার পর উপরে উল্লেখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূল বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত উক্ত জামানতের টাকা ব্যাংকের দাবীকৃত অর্থের সহিত সমন্বয় করা হইবে। যে সকল দরপত্র গৃহীত হইবে না ঐ সকল দরপত্রের বিপরীতে জমাকৃত জামানতের অর্থ স্ব-স্ব ব্যাক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে যথাসময়ে ফেরৎ প্রদান করা হইবে।

০৬) উপরোক্ত ৫নং অনুচ্ছেদ এর অধীন জামানত বাজেয়াপ্ত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত্ত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দারদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করতে আহ্বান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হওয়ার পর উপরোক্ত মতে নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ নিলাম দরদাতাকে সম্পূর্ণ নিলাম মূল্য পরিশোধ করতে হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা উক্ত সময়সীমার মধ্যে নিলাম মূল্য পরিশোধে ব্যর্থ হলে তার জামানতও বাজেয়াপ্ত হবে।

০৭) দরপত্র গৃহীত হবার পরে লিখিত আবেদন পত্রের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরত দেয়া হবে।

০৮) কম জামানত বা জামানত বিহীন দরপত্র বা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯) দাখিলকৃত দরপত্রে তফসিল বর্ণিত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে কম বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হলে ব্যাংক তা গ্রহণে বাধ্য থাকবে না।

১০) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশনের, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না।

১১) সফল দরপত্রদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ মোতাবেক দখল প্রদান বা বুঝিয়ে দেওয়া হবে। তবে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল প্রয়োজনে জেলা ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২) সফল দরদাতাকে সরকারী বিধি-বিধান মোতাবেক সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

১৩) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন।

১৪) এনআরবিসি ব্যাংক পিএলসি, জুবিলী রোড শাখা, চট্টগ্রাম কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ শিথিল বা বাতিল করার অধিকার ব্যাংক সংরক্ষণ করবে।


শাখা প্রধান

এনআরবিসি ব্যাংক পিএলসি

জুবিলী রোড শাখা, চট্টগ্রাম

ফোন: ০১৯৫৫-৫০২১৩৭



PC-152337 (4"x3)


দৈনিক ইনকিলাব. ২৯/০৪/২০২৫